



(<https://www.coxsbazarjournal.com>)

আপনার প্রতিষ্ঠানের বিশ্বব্যাপী প্রচারের জন্য বিজ্ঞাপন দিন

🏠 প্রচ্ছদ জাতীয় আমাদের কক্সবাজার ▾ বৃহত্তর চট্টগ্রাম সারাদেশ ▾ আন্তর্জাতিক খেলাধুলা বিনোদন বিজ্ঞান ও প্রযুক্তি

লাইফস্টাইল শিক্ষাঙ্গন রাজনীতি অন্যান্য ▾

কক্সবাজারের প্যারাসেইলিং নিয়ে এবার ১১ প্রশ্নের উত্তর চায় আদালত

(<https://www.coxsbazarjournal.com/%e0%a6%95%e0%a6%95%e0%a7%8d%e0%a6%t8%e0%a6%ac%e0%a6%be%e0%a6%9c%e0%a6%be%e0%a6%b0%e0%a7%87%e0%a6%b0->

[%e0%a6%aa%e0%a7%8d%e0%a6%af%e0%a6%be%e0%a6%b0%e0%a6%be%e0%a6%b8%e0%a7%87%e0%a6%87%e0%a6%b2%e0%a6%bf/107269/](https://www.coxsbazarjournal.com/%e0%a6%aa%e0%a7%8d%e0%a6%af%e0%a6%be%e0%a6%b0%e0%a6%be%e0%a6%b8%e0%a7%87%e0%a6%87%e0%a6%b2%e0%a6%bf/107269/))

প্রকাশ: ১২-০৬-২০২৪, ১০:২৯ পূর্বাহ্ন | সম্পাদনা: ১২-০৬-২০২৪, ১১:০০ পূর্বাহ্ন

বিশেষ প্রতিবেদক :



পর্যটন নগরী কক্সবাজারে ভ্রমণে আসা পর্যটকরা প্যারাসেইলিং করতে গিয়ে অনেকেই দুর্ঘটনা কবলিত হয়ে হয়েছে। এ কারণে প্যারাসেইলিং-এ নিরাপত্তা যাচাই-বাছাইয়ের মধ্যে সোমবার থেকে সাময়িক বন্ধ ঘোষণা করেছে প্রশাসন। এর একদিন পর মঙ্গলবার এক আদেশে প্যারাসেইলিং বিষয়ে ১১ টি প্রশ্নের উত্তর চেয়েছে আদালত।

মঙ্গলবার বিকালে কক্সবাজার চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের বিচারক আসাদ উদ্দিন মো. আসিফ এই আদেশ প্রদান করেন বলে নিশ্চিত করেছে আদালতের প্রশাসনিক কর্মকর্তা (ভারপ্রাপ্ত) আশেক ইলাহী শাহজাহান নূরি।

আদেশের কপিতে দেখা গেছে, আদালত তদন্ত করে আগামি ৪ জুলাই ১১ টি প্রশ্নের উত্তর আদালতে দাখিলের জন্য কক্সবাজার ফায়ার সার্ভিস স্টেশনের উপ-সহকারি পরিচালককে নির্দেশ দিয়েছেন। একই সঙ্গে সম্প্রতি প্যারাসেইলিং করতে গিয়ে নারী পর্যটক দুর্ঘটনার শিকার হওয়া প্রতিষ্ঠানটির প্যারাসেইলিং সরঞ্জাম সমূহ বন্ধ করতে বলা হয়েছে।

এ ব্যাপারে সংশ্লিষ্ট থানার ওসিকে আদেশ জারী করে আদালতকে অবহিতপূর্বক যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হল। তদন্ত কার্যক্রম সমাপ্ত না হওয়া পর্যন্ত কক্সবাজার জেলায় সমস্ত প্যারাসেইলিং রাইড পরিচালনা বন্ধ রাখারও নির্দেশ দিয়েছেন আদালতে।

## SPONSORED CONTENT



বাংলাদেশের নং ১ প্ল্যাটফর্ম

Great Winnings



খুব দ্রুত \$100 আয় করার  
সেরা উপায়

Live Result



THINGS THAT WERE  
OVERLOOKED ABOUT KATE  
MIDDLETON'S HOSPITAL VISIT

Limelight Media



THE FIRST OMEN'S EN  
EXPLAINED - WHAT DO  
ALL MEAN?

Limelight Media

আদালত প্যারাসেইলিং বিষয়ে যে ১১ টি প্রশ্নের উত্তর চেয়েছে তা হল :

১. অভিযোগকারীর বর্ণিত দুর্ঘটনার কারণ কি?
২. ঘটনার দিন অভিযোগকারীকে কোন কোন ব্যক্তিগন প্যারাসেইলিং রাইড শেয়ার করেছেন, তাদের নাম, পিতার নাম, ঠিকানাঃ বিস্তারিত বিবরণ।
৩. আন্তর্জাতিক প্যারাসেইলিং পরিচালনার ক্ষেত্রে কি কি নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করতে হয়?
৪. দুর্ঘটনাকৃত প্যারাসেইলিং রাইড পরিচালনাকারী কর্তৃপক্ষের যথাযথ অনুমোদন ছিল কি না?
৫. কক্সবাজারে প্যারাসেইলিং পরিচালনার ক্ষেত্রে কি কি নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করেছেন?
৬. আন্তর্জাতিক প্যারাসেইলিং রাইডের ক্ষেত্রে কোন বিষয় বিবেচনা করে মূল্য নির্ধারণ করা হয় এবং কক্সবাজারে প্যারাসেইলিং পরিচালনার ক্ষেত্রে মূল্য কেমন হওয়া উচিত?
৭. প্যারাসেইলিং রাইডের ক্ষেত্রে আন্তর্জাতিক কোন নিয়ম নীতি কিংবা কোন টিপস অনুসরণ করা হয় কি না?
৮. কক্সবাজার (সকল ট্যুরিস্ট স্পট)- এ অবস্থিত প্যারাসেইলিং প্রতিষ্ঠানসমূহ রাইড পরিচালনার ক্ষেত্রে কি ধরনের নিরাপত্তা ব্যবস্থা রয়েছে?
৯. প্যারাসেইলিং রাইড পরিচালনার জন্য কোন কর্তৃপক্ষের নিকট হতে অনুমতি গ্রহণ করতে হয়?
১০. রাইড পরিচালনার ক্ষেত্রে ন্যূনতম কতজন ব্যক্তি/কর্মীর উপস্থিতি থাকতে হয়?
১১. রাইড পরিচালনাকারী ব্যক্তিগণের যোগ্যতা কিংবা দক্ষতার মাপকাঠি কি?

আদালতের আদেশের বলা হয়, ঢাকার থেকে কক্সবাজার আসা নারী পর্যটক আফসান জ্যাভিন অদिति গত ২৪ মে শুক্রবার বিকালে দরিয়ানগঃ পয়েন্টে গিয়ে 'ফ্লাই এয়ার সী স্পোর্টস প্যারাসেইলিং' নামের একটি প্রতিষ্ঠানের প্যারাসেইলিং করতে গিয়ে এই নারী দুর্ঘটনার শিকার হন।

এব্যাপারে লিখিত অভিযোগ পর্যালোচনা করে জনগন/পর্যটকদের নিরাপত্তার স্বার্থে এ বিষয়ে সুষ্ঠু তদন্ত হওয়া একান্ত আবশ্যিক। ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ১৯০ (১) (গ) মতে আদালত উক্ত ঘটনা স্বপ্রণোদিত হয়ে আমলে নেয়ার এখতিয়ার রাখেন।

প্যারাসেইলিং করতে দুর্ঘটনায় শিকার এবং নিরাপত্তা ঝুঁকি নিয়ে গত ১ জুন কক্সবাজার জার্নাল সহ কয়েকটি গণমাধ্যমে প্রতিবেদন প্রকাশিত হয়েছে। এর প্রেক্ষিতে সোমবার থেকে পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত প্যারাসেইলিং পরিচালনা কার্যক্রম সাময়িকভাবে বন্ধ রাখার নির্দেশ দিয়েছে প্রশাসন।

কক্সবাজার জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট (পর্যটন সেল) মো. মাসুদ রানা জানিয়েছিলেন, পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত প্যারাসেইলিং পরিচালনা কার্যক্রম সাময়িকভাবে বন্ধ থাকবে। ব্যবহৃত সরঞ্জামাদি যাচাই বাছাই, সামগ্রিক নিরাপত্তা ব্যবস্থা, টেকনিক্যাল টিম কর্তৃক মূল্যায়ন সাপেক্ষে পুনরায় চালু করে দেওয়া হবে।

প্যারাসেইলিং সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ বিমানবাহিনীর কমান্ডো অফিসার, নৌবাহিনীর দক্ষ প্রশিক্ষক, লাইফ গার্ড ট্রেইনারসহ টেকনিক্যাল টিম সামগ্রিক মূল্যায়ন কার্যক্রম পরিচালনা করবেন।

আগামী কয়েকদিনের মধ্যে বিমানবাহিনীর কমান্ডো অফিসার, নৌ বাহিনীর দক্ষ প্রশিক্ষক, লাইফ গার্ড ট্রেইনার দিয়ে মাসব্যাপি প্রশিক্ষণ শুরু হবে। যারা প্রশিক্ষণ শেষে উপযুক্ত বিবেচিত হবে তাদেরকেই প্যারাসেইলিং পরিচালনার অনুমতি দেয়া হবে। একই সঙ্গে প্রতিমাসেই এই মূল্যায়ন কার্যক্রম চলবে।

Like 1

Share 1

Post

0 comments

Sort by Oldest



Add a comment...

Facebook Comments Plugin

কক্সবাজার জার্নাল ডটকম' র প্রকাশিত/প্রচারিত কোনো সংবাদ, তথ্য,কলাম, ছবি, আলোকচিত্র, রেখাচিত্র, ভিডিওচিত্র, কপিরাইট আইনে